

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৪৮

পর্ব-৭: সওম (রোযা) (১ আন্ত্রা)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - নফল সিয়াম প্রসঙ্গে

بَابُ صِيَامِ التَّطَوُّعِ

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ صَوْمِ يَوْمِ الْفُطْرِ وَالنَّحْرِ

বাংলা

২০৪৮-[১৩] আবৃ সা'ঈদ আল্ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ঈদুল ফিতর ও ঈদুল আযহার দিন সওম পালন করতে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করেছেন। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ১৯৯১, মুসলিম ৮২৭, সহীহ আল জামি ৬৯৬২, আহমাদ ১১৪১৭, ইরওয়া ৯৬২।

ব্যাখ্যা

'আল্লামা ইবনুল কুদামাহ্ (রহঃ) বলেন, সকল বিদ্বানগণ এই মর্মে একমত হয়েছেন যে, উল্লেখিত দু'দিনে (ঈদুল ফিতর ও আযহা) নফল সিয়াম, মানৎ-এর সিয়াম, কাযা সিয়াম ও কাফফারার সিয়াম পালন করা নিষিদ্ধ ও হারাম। এ মর্মে ইবনু আযহারের ক্রীতদাস আবু 'উবায়দ (রহঃ) এর সূত্রে উপরে উল্লেখিত হাদীসের অনুরূপ



বর্ণনা রয়েছে। আর আবূ হুরায়রাহ্ (রাঃ) ও আবূ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে বুখারী ও মুসলিমে অনুরূপ বর্ণনা রয়েছে, এবং এরই উপরে ইমাম নাবাবী, হাফেয আসকালানী, যুরকানী, আয়নী প্রমুখগণের ইজমা রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন